



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
 পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,
 ঢাকা-১০০০।
 সুবর্ণজয়ন্তী সেল
www.molwa.gov.bd



স্মারক নম্বর: ৮৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৮৩

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মসূচী আয়োজন সংক্রান্ত।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৮৮.০০.০০০০.০১৫.২৩.০০১.২২.২৭৩, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে স্মারকে দেশের সকল ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে, সকল ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে এবং দেশের সকল সিটি কর্পোরেশনে আলোচনা সভা ও সংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে কার্যক্রম নির্ধারন করে কর্মসূচী গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্বেল হক , এমপি গত ২০/০২/২০২২ খ্রি. তারিখ জুম প্ল্যাটফর্মে দেশের সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সাথে মত বিনিয় করেন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মসূচী অধিকতর সুচারুরূপে বাস্তবায়নের জন্য উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে নিম্নরূপ সংশোধিত নির্দেশনা অনুসরন করতে হবে।

০২। পৌরসভা ও পৌরসভা সংশ্লিষ্ট ওয়ার্ডে অনুষ্ঠান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পৌর মেয়রের সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

- (ক) পৌর মেয়র – সভাপতি
- (খ) সংশ্লিষ্ট উপজেলার মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য
- (গ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য
- (ঘ) সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার – সদস্য
- (ঙ) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
- (চ) নির্বাহী/সহকারী প্রকৌশলী – সদস্য
- (ছ) সচিব সংশ্লিষ্ট পৌরসভা- সদস্য সচিব
- (জ) সংশ্লিষ্ট সংসদ সদস্য উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধি:

- (ক) পৌরসভা এবং এর অন্তর্গত পৌর ওয়ার্ড পর্যায়ে নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;
- (খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। সকল জেলা পরিষদে অনুরূপ কর্মসূচি আয়োজনের জন্য সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

- (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা – সভাপতি
- (খ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য
- (গ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য
- (ঘ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার – সদস্য

(৬) জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত জেলা পরিষদের একজন সদস্য— সদস্য

(৭) জেলা সংস্কৃতি বিষয়ক কর্মকর্তা — সদস্য সচিব

(৮) চেয়ারম্যান, জেলা পরিষদ উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধি:

(ক) জেলা পরিষদে নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪। দেশের সকল জেলা পরিষদে ০৫ মার্চ, ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠান আয়োজন করতে হবে।

০৫। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে কর্মসূচী বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকগণ তাঁর অধিক্ষেত্রের আওতাধীন সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং পৌরসভায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। অনুষ্ঠান সমাপনাট্টে কর্মসূচির উপর একটি প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০৬। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

২৩-২-২০২২

মোহাম্মদ আশরাফুল আলম খান

উপসচিব

ফোন: ০১৭৫২-৫৬৩৪৩০

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫০১২৭

ইমেইল: info@molwa.gov.bd

বিতরণ :

- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)।
- ২) জেলা প্রশাসক (সকল)।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৪৮,০০,০০০০,০০০,৩৫,০০১,২২,২৮৩/১(২৯)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মেয়র (সকল সিটি কর্পোরেশন)।
- ২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নের জন্য মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রনাধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
- ৫) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬) চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল)।
- ৭) উপজেলা চেয়ারম্যান, সকল উপজেলা পরিষদ।
- ৮) মেয়র, পৌরসভা (সকল)।
- ৯) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।



২৩-২-২০২২

মোহাম্মদ আশরাফুল আলম খান

উপসচিব